



প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট  
(www.bteb.gov.bd) ভিজিট করুন এবং  
আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড**  
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website: www.bteb.gov.bd



স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৮.৪৮

তারিখঃ ২১-০৩-২০১৮ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২০১০ ও ২০১৬ প্রবিধানভুক্ত যে সকল পরীক্ষার্থী পূর্ববর্তী বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে নাই তাদেরকে আগামী ২৪ মে ২০১৮ তারিখ হতে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক হলে ৩০০/- (তিনশত) টাকা সংযোগ রক্ষাকারী ফি প্রদান সাপেক্ষে বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। শিক্ষার্থীদেরকে আগামী ০৩-০৪-২০১৮ তারিখের মধ্যে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে সংযোগ রক্ষাকারী ফি-সহ নির্ধারিত ফরমে পূর্ণাঙ্গ তথ্যাদি ও পূর্ববর্তী পরীক্ষার প্রাপ্ত নম্বরপত্র ও প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপিসহ অনুমতি গ্রহণের নিমিত্ত আবেদন করতে হবে এবং উল্লিখিত তারিখের মধ্যে আবেদনপত্রগুলো নিম্নস্বাক্ষরকারীর বরাবরে অবশ্যই পৌছাতে হবে। অনুমতি ব্যতিরেকে বর্ণিত কোন পরীক্ষার্থীকে আগামী পরীক্ষায় ফরম ফিলাপের অনুমতি দেয়া হবে না।

স্বাক্ষরিত/-

(ড. সুশীল কুমার পাল)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ফোনঃ ০২-৯১১৩২৮৩

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.১৮.৪৮(১০)

তারিখঃ ২১-০৩-২০১৮ খ্রিঃ

### অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সচিব/পরিদর্শক/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ, পলিটেকনিক ইনস্টিটিউট/মনোটেকনিক ইন্সটিটিউট .....
৪. অধ্যক্ষ/পরিচালক, .....
৫. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক- গোপনীয়/সনদ/বিএম/ভোক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন)/উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (নোটিশটি Website এ প্রকাশের ব্যবস্থা করার জন্য অনুরোধসহ)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক- কৃষি/টেক্সটাইল/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. নথি।

(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)  
ফোনঃ ০২-৯১১৮৭৭৬